# যুগান্তর

তারিখ 28 NOV 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৫

### এনএসইউতে এফবিসিসিআই সভাপতি

# বিশ্ববিদ্যালয়ে কর্মমুখী শিক্ষার ওপর গুরুত্ব দিন

**যুগান্তর রিপোর্ট**

এফবিসিসিআই সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন বিশ্ববিদ্যালয়গুলোতে কর্মমুখী শিক্ষার ওপর গুরুত্ব দেয়ার আহ্বান জানিয়েছেন। সোমবার নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ে (এনএসইউ) আয়োজিত 'চাকরি মেলা' উদ্বোধনকালে তিনি এ আহ্বান জানিয়ে বলেন, এ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্যদের অনেকেই এফবিসিসিআইয়ের নেতৃত্ব দিয়েছেন। তাদের অভিজ্ঞতার আলোকে পরিচালিত একটি বিশ্ববিদ্যালয় কর্মমুখী শিক্ষা প্রদান করবে এটাই আশা করি। তিনি এ ধরনের আয়োজন চাকরির বাজারে যোগ্যপ্রার্থী এবং উদ্যোক্তা সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখে বলে মন্তব্য করেন।

সকালে বিশ্ববিদ্যালয়ের বসুন্ধরায় স্থায়ী ক্যাম্পাসে ওই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন এনএসইউর প্রোভিসি অধ্যাপক গিয়াস ইউ আহসান। এনএসইউ ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান বেনজির আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক গৌর গোবিন্দ গোস্বামী, ক্যারিয়ার অ্যান্ড প্লেসমেন্ট সেন্টারের পরিচালক ফারহানা জহির এ সময় উপস্থিত ছিলেন। এবারের মেলায় দেশি-বিদেশি মোট ৬০টি প্রতিষ্ঠান অংশ নেয়। এর মধ্যে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, গ্রামীণ ফোন, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো, এসিআই, বিএসআরএম, ব্র্যাক, বিকাশ, বসুন্ধরা গ্রুপ, বাংলালিংক, আনোয়ার গ্রুপ, ফুড পান্ডা, গ্রিন ডেল্টা, এপেক্স, এশিয়াটিক, ডেইলি স্টার উল্লেখযোগ্য। প্রতিষ্ঠানগুলো তাদের স্টল থেকে শিক্ষার্থী, চাকরিপ্রার্থী ও অতিথিদের নিজ প্রতিষ্ঠানের সেবা কার্যক্রম ও চাকরির বিভিন্ন সুযোগ-সুবিধার তথ্য সরবরাহ করে এবং জীবনবৃত্তান্ত সংগ্রহ করে। বেশকিছু প্রতিষ্ঠান তাদের শূন্য পদে মেলা থেকে নিয়োগ দেয় বলে জানা গেছে। অনুষ্ঠানে সভাপতি অধ্যাপক গিয়াস ইউ আহসান বলেন, বর্তমান সময়ের বিশেষ উপযোগী মানবসম্পদ উন্নয়নে নর্থসাউথ বিশ্ববিদ্যালয় এগিয়ে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে অতিথিরা বিভিন্ন স্টল পরিদর্শন করেন। মেলার অন্যরকম আকর্ষণ ছিল বিভিন্ন প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে শিক্ষার্থী এবং চাকরিপ্রার্থীদের পরিচিত করার লক্ষ্যে নেটওয়ার্কিং সেশন। এতে চাকরিপ্রার্থীরা তাদের ভবিষ্যৎ ক্যারিয়ার সম্পর্কে ধারণালাভ করে।